সংবাদ

24 APR 2003

# দলীয় লোককে নিয়োগ দেয়া নিয়ে রা.বি উপাচার্য ও উপ-উপাচার্যের মধ্যে বিরোধ

আযমীর আলম আকাশ, রাজশাহী : রাজশাহী বিশ্ববিদ্যালয়ে এবার দলীয় লোককে এডহক নিয়োগ দেয়া নিয়ে উপাচার্য ও উপ উপাচার্যের মধ্যে চরম বিরোধ দেখা দিয়েছে। গত ২১শে এপ্রিল উপাচার্য প্রফেসর ফাইসুল ইসলাম ফারুকী ৭ জনকে অফিসার পদে এডহক নিয়োগ দিলে এ বিরোধ অনেকটা প্রকাশ্য রূপ নেয়। খবর সংশ্লিষ্ট নির্ভরযোগ্য সূত্রের।

সূত্র মতে, উপাচার্য কর্তৃক ৭ জনকে এডহক নিয়োগ দেয়ায় উপ-উপাচার্য প্রফেসর শাহাদত হোসেন মণ্ডলও ৭০ জন দলীয় লোককে এডহক নিয়োগ দেয়ার উদ্যোগ নিয়েছেন। এখন বিএনপি-জামাত ও এদের অঙ্গ সংগঠনগুলোর সাবেক ও বর্তমান নেতা-কর্মীরা এডহক নিয়োগ পেতে উপাচার্য ও উপাচার্যের কাছে ধরনা দিতে শুরু করেছেন। একই কারণে জামাতের এক কেন্দ্রীয় নেতাও রাজশাহী আসছেন বলে সূত্র জানায়।

সূত্র জানায়, গত ২১শে এপ্রিল উপাচার্য ছাত্রদলের সাবেক ও বর্তমান নেতা যথাক্রমে মোতাহিদুর রহমান মুন্না, মামুন, আমিনুর রশিদ জিন্নাহ, শেখ ফরিদ, আবদুল মালেকসহ ৭ জনকে অফিসার পদে বিভিন্ন দপ্তরে এডহক নিয়োগ দেন। এ খবর দ্রুত ছড়িয়ে পড়ে গোটা ক্যাম্পাসে। উপ-উপাচার্যও তার এখতিয়ারভুক্ত জায়গায় এডহক নিয়োগ দেয়ার উদ্যোগ নেন। এরই পরিপ্রেক্ষিতে উপাচার্য ও উপ-উপাচার্য বিরোধ আবারও মাথা চাড়া দিয়ে উঠেছে। উভয়ের কাছেই এখন দলীয় লোকজন লাইন দিচ্ছেন এডহক নিয়োগ পাওয়ার আশায়।

এ ব্যাপারে গতকাল বুধবার বিকেলে উপাচার্যের বক্তব্যের জন্য তার বাসায় ফোন করা হলে সেখান থেকে বলা হয়, তিনি এখন ফুলের বাগানে ঘুরছেন। অন্যদিকে উপ-উপাচার্যের বাসায় বারবার ফোন করা হয়। কিন্তু ফোনের রিং হলেও অপর প্রান্ত থেকে ফোন রিসিভ করেনি কেউই।